

“কৃষিই সমৃদ্ধি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
বিভাগীয় কার্যালয়
১০৭, মুজগুনী মহাসড়ক, বয়রা, খুলনা।
srdi.khulnadiv.gov.bd


বিজ্ঞপ্তি

নং- ১২.০৩.৪০০০.৫১.০৫.০১.২২-৪৫৬

তারিখ: ২৭-১২-২০২৩ খ্রি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট’ কৃষি মন্ত্রণালয়ের অধীন একটি সরকারী প্রতিষ্ঠান। অতি সম্প্রতি কিছু ভুক্তভোগীর অভিযোগের প্রেক্ষিতে জানা যায় যে, একটি অসাধু চক্র বাগেরহাট জেলার রামপাল উপজেলার ফয়লা বাজার সংলগ্ন এলাকাতে ‘মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট’ এর একটি ভূয়া কার্যালয় খুলে চাকুরী দেবার নাম করে টাকা হাতিয়ে নিচ্ছে। এ বিষয়ে সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাগেরহাটের রামপালে ‘মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট’ এর কোন অফিস নেই। একই সাথে আরো জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠানটির সকল কার্যক্রম সরকারি আদেশ, প্রজ্ঞাপন এবং নিয়োগ বিধি মেনে প্রধান কার্যালয়, ঢাকা থেকে পরিচালিত হয়। সুতরাং, বাগেরহাটের রামপাল উপজেলায় ‘মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট’ এর যে ভূয়া অফিস খোলা হয়েছে তার সাথে আমাদের কোন সংশ্লিষ্টতা নেই। বিধায় সকলকে নিয়োগ সংক্রান্ত বিষয়ে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ থাকে যে, কেউ প্রতারণার শিকার হলে সংশ্লিষ্ট এলাকার আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে তাৎক্ষণিকভাবে যোগাযোগের জন্য পরামর্শ দেয়া হলো।


(জি, এম, মোস্তাফিজুর রহমান)

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব)

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

বিভাগীয় কার্যালয়, খুলনা

ফোন- ০২৪-৭৭৭০০৪৪২


ই-মেইল:dosrdikhulna@gmail.com

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।

২। পরিচালক, ফিল্ড সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।

৩। অফিস কপি।


(জি, এম, মোস্তাফিজুর রহমান)

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব)

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

বিভাগীয় কার্যালয়, খুলনা

ফোন- ০২৪-৭৭৭০০৪৪২

ই-মেইল:dosrdikhulna@gmail.com